

কাজী শহিদুল্লাহ তনয় | দেশজুড়ে | 15 April, 2025

সাভারে ছিনতাই প্রতিরোধে বিশেষ অভিযান পরিচালনা করে ছিনতাইয়ের প্রস্তুতিকালে ৩ ছিনতাইকারীকে গ্রেফতার করেছে পুলিশ। এ সময় তাদের কাছ থেকে ছিনতাইয়ের কাজে ব্যবহৃত সিলভার ও কালো রঙের দুইটি সুইস গিয়ার চাকু উদ্ধার করা হয়।

মঙ্গলবার (১৫ এপ্রিল) দুপুরে এক প্রেসব্রিফিংয়ে সাংবাদিকদের এসব তথ্য জানান ঢাকা জেলার অতিরিক্ত পুলিশ সুপার (সাভার সার্কেল) শাহীনুর কবির।

এর আগে, গতকাল সোমবার ঢাকা-আরিচা মহাসড়কের রেডিও কলোনি বাস স্ট্যান্ড থেকে তাদের গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃতরা হলেন- ইউসুফ রহমান (২০), আনান হোসন (২১) এবং দ্বীপক সূত্রধর (২৪)।

ঢাকা জেলার অতিরিক্ত পুলিশ সুপার শাহীনুর কবির জানান, গোপন সংবাদের ভিত্তিতে সাভার মডেল থানার এসআই অটল বিহারী বিশ্বাস ও তার দল অভিযান পরিচালনা করে দুইটি সুইস গিয়ার চাকুসহ ৩ ছিনতাইকারীকে গ্রেফতার করতে সক্ষম হয়।

তিনি আরো বলেন, আজ দুপুরে গ্রেফতারকৃতদের আদালতে প্রেরণ করা হয়েছে।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 16:31

URL: <https://www.timestodaybd.com/across-the-country/722930820>